## বাবুগঞ্জ উপজেলার জানুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১৬/০১/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ১০:৩০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>(ক) বাবুগঞ্জ উপজেলার পরিচালনা ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাবুগঞ্জ উপজেলায় টি.নং ০৩/২০২১-২০২২ অর্থ বছরে প্যাকেজ নং আই.ইউ.এফ-২০২০-২০২১/১০০৬০৩-০১ বাবুগঞ্জ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ কাজের ঠিকাদার টিক ট্যাক বিডি কর্পোরেশন, ঢাকা-১২০৭ কর্তৃক প্রাক্কলন উল্লেখিত মালামাল সন্তোষজনকভাবে সরবরাহ করেছেন। তিনি আরো জানান যে, প্রকল্পের কাজের প্রাক্কলিত মূল্য (ভ্যাট ও আয়করসহ)= ১১,১৭,৩১৮/ এবং কাজের চুক্তি মূল্য= ১০,০৫,৫৮৬.২০ এবং উক্ত কাজের চূড়ান্ত কাজের চূড়ান্ত বিল+জামানত ৭,৯৯,৩৭৩/- + ১,০০,৫৫৫ = ৮,৯৯,৯২৩/- টাকা (ভ্যাট + আয়কর ব্যতিত) ১০,০৫,৫৮৬ টাকা ভ্যাট+আয়করসহ বিল দাখিল করেন ।<br>(খ) বাবুগঞ্জ উপজেলার পরিচালনা ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাবুগঞ্জ উপজেলায় টি.নং ০৩/২০২১-২০২২ অর্থ বছরে প্যাকেজ নং আই.এন.এফ-/১০০৬০৩-০২ বাবুগঞ্জ উপজেলার বিভিন্ন রাস্তায় সোলার স্টীট লাইট স্থাপন কাজের ঠিকাদার মেসার্স ওয়ান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ঢাকা-১২০৭ কর্তৃক সঠিক স্থানে বসানো হয়েছে। প্রাক্কলিত মূল্য (ভ্যাট ও আয়করসহ)= ৩৩,৩৭,৪২৫/ এবং কাজের চুক্তি মূল্য= ৩০,০৩,৬৮১.৭৭ এবং উক্ত কাজের চূড়ান্ত কাজের চূড়ান্ত বিলে ভ্যাট ও ৩০,০৩,৬০০/- ভ্যাট ও আয়করসহ এবং ২৬,৮৮,২২২/- টাকা (ভ্যাট + আয়কর ব্যতিত) বিল দাখিল করেন । সভায় এ বিষয় দুটি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামালের বিল পরিশোধের ও বিল ভাউচার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | জনাব ডাঃ মোঃ আবদুস সালাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত টিকাদান কেন্দ্রে কোভিড-১৯ এর বুষ্টার ডোজ টিকাদান কার্যক্রম সফলভাবে চলছে। এছাড়া দীর্ঘ ৭ বছর পর বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এক্স-রে বিভাগ চালু করা হয়েছে। বিগত দিনে মেডিকেল টেকনোলিস্ট (রেডিও) পদায়ন না থাকায় এবং এক্স-রে মেশিন বিকল থাকায় এক্স-রে বিভাগ চালু করা সম্ভব হয়নি। স্থানীয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সদিচ্ছায় মেডিকেল টেকনোলিস্ট (রেডিও) পদায়ন করা হয়েছে এবং সম্পূর্ন নতুন ৩০০ এম এ এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। বর্তমানে নিয়মিতভাবে আগত রোগীদের এক্স-রে বিভাগে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। এ উপজেলার জনগনকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের উদ্দেশ্যে রোগী পরিবহনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় এবঙ উর্ধ্বতন কর্তৃপক্ষের সদিচ্ছায় বিগত ১৮/১০/২২ খ্রি. তারিখে উপজেলা হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা হতে স্বাস্থ্য কমপ্লেক্সে আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধি একখানা টয়োটা হাইয়েস এ্যাম্বুলেন্স সরবরাহ করা হয়েছে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনা ভাইরাসের নমুনা সংগ্রহ করা হয় এবং স্বাস্থ্য কমপ্লেক্সের র‍্যাপিড এন্টিজেন পরীক্ষা করা হয়। বর্তমানে কোভিড-১৯ সংক্রামন কমে আসায় সরকার সকল বিধি-নিষেধ প্রত্যাহার করেছেন। সুতরাং করোনা মোবাবেলায় আমাদেরকে অবশ্যেই মাস্ক পরিধানসহ স্যাস্থ্যবিধি মেনে চলতে হবে। চেয়ারম্যান, দেহেরগতি ইউনিয়ন পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষনপূর্বক সভাকে জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারিভাবে কি কি ধরনের ঔষধ সরবরাহ করা হয় তা পরবর্তী সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। | সুষ্টুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারিভাবে কি কি ধরনের ঔষধ সরবরাহ করা হয় তা পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে চলতি রবি মৌসুমে ৩৮৫ হে. জমিতে সরিষা, ৪০ হেক্টর জমিতে সুর্যমুখী, ৩০ হেক্টর জমিতে চিনাবাদাম, ১৫ হেক্টর জমিতে সয়াবিন এবং ২৫ হেক্টর জমিতে তিল আবাদের পরিকল্পনা রয়েছে এবং ইতোমধ্যে এর কার্যক্রম শুরু হয়েছে। কৌশল হিসেবে আমন ক্ষেতে রিলে ফসল হিসেবে সরিষার আবাদ করা হচ্ছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া চলতি রবি মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় গম ৩৫০ জন, ভুট্টা-১০০ জন, সরিষা-১২০০ জন, সূর্যমূখী-১৪০ জন, চিনাবাদাম-৭০ জন, সয়াবিন-১৫০ জন, মুগ-১৫০০ জন, মসুর-৬০ জন এবং | সুষ্টুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলার প্রতিটি ইউনিয়নে সকল অনাবাদী জমি আবাদের আওতায় আনতে হবে। বকসীর চরের মাঠের নীচু নরম জমি আবাদের আওতায় আনা যায়নি কি-না সে বিষয়ে সরেজমিনের পরিদর্শন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পরিষদের অনুমতি | উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | খেসারি-১৫০ জন সর্বমোট-৩৭২০ জন চাষীর মধ্যে বিনামূল্যে বীজ ও সার প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১৫০০ জন বোরো , চাষীর মধ্যে বিনামূল্য বীজ ও সার প্রদান করা হয়েছে।<br>জনাব মোঃ মশিউর রহমান, চেয়ারম্যান, দেহেরগতি ইউনিয়ন পরিষদ কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণপূর্বক কৃষি উপকরণ প্রনদনা কিভাবে বন্টন করা হয় সে বিষয়ে জানতে চান। এ বিষয়ে কৃষি অফিসার জানান যে, এ উপজেলায় সকল ইউনিয়নে জনসংখ্যা অনুযায়ী বন্টন করা হয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুযায়ী উপজেলার প্রতিটি ইউনিয়নে সকল অনাবাদী জমি আবাদের আওতায় আনার উপর গুরুত্বারোপ করেন।<br>চেয়ারম্যান, ৪ নং চাঁদপাশা ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নের বকসীর চরের মাঠের জমি আবাদের আওতায় আনা যায়নি কি-না সে বিষয়ে কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন।<br>চেয়ারম্যান, ৩ নং দেহেরগতি ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, বর্তমানে কৃষি জমি অনুমতি ব্যতিত যত্রতত্র কেটে যার যা ইচ্ছা সে রকম করছে। এতে করে কৃষি জমি কমে যাচ্ছে ও ফসল উৎপাদন হ্রাস পাচ্ছে। এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান। | ব্যতিত যত্রতত্র কৃষি জমি কেটে নষ্ট করা যাবে না। | |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৭৬৪ টি গরু ৫০০ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ২০৬০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ২৫১৭ টি গবাদি পশুকে ও ১২৫৭৯ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২২৮ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কর্যক্রম চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় পিজি গ্রুপের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়।<br>চেয়ারম্যান, ৫ নং রহমতপুর ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নে প্রাণি সম্পদ বিভাগের মাসিক কার্যক্রম সম্পর্কে তাকে অবহিত করার জন্য এ সভার মাধ্যমে প্রাণিসম্পদ বিভাগকে অনুরোধ করেন। এছাড়া ভ্যাকসিন প্রদানের অনুষ্ঠানিকভাবে জনপ্রতিনিধিদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। প্রাণি সম্পদ বিভাগের মাসিক কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও গড়া নির্মূলে অভিযান চলমান আছে।<br>(খ) জেলে নিবন্ধন চলমান আছে।<br>(গ) মোবাইল কোর্ট/অভিযান চলমান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) মৎস্য চাষীদের পরামর্শ প্রদান।<br>(চ) জাটকা সংরক্ষণ অভিযান/২০২২ চলমান আছে।<br>তিনি আরো জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নের ২০ জন জেলেকে বিকল্প ব্যবস্থা হিসেবে ২০ টি বকনা বাছুর বিতরণ করা হবে।<br>চেয়ারম্যান, ৫ নং রহমতপুর ইউনিয়ন পরিষদ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ এর দৃষ্টি আকর্ষনপূর্বক সভাকে জানান যে,বকনা বাছুর অত্যন্ত ছোট যা অনেক সময়ে বাঁচিয়ে রাখা সম্ভবপর হয় না। পরবর্তীতে সংশ্লিস্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে এ বিষয়ে বরাদ্দ বাড়িয়ে আনা যায় কিনা। | পরবর্তী জেলা সমন্বয় কমিটির সভায় এ বিষয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠ ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের ডিসেম্বর/২২ মাসের বেতন ভাতাদি যথাযথভাবে প্রদান করা হয়েছে। প্রাথমিক বই বিতরণ/২২ সম্পন্ন হয়েছে।<br>সভাপতি সভাকে উপজেলা শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষনপূর্বক সভাকে জানান যে, উপজেলা যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এখন পর্যন্ত দপ্তরী নিয়োগ করা হয়নি সে সকল স্কুলে দপ্তরী নিয়োগের কার্যক্রম জরুরী সম্পন্ন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>আগামী সমন্বয় সভায় এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব তনিকা সরকার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা (চঃ দাঃ), বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত কোটার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে।<br>তিনি আরো জানান যে, মৃত ভাতাভোগীদের তথ্য সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে না পাওয়ায় ভাতা প্রদানে সমস্যার সম্মুখীন হতে হয়। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো।<br>সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে মৃত ভাতাভোগীদের তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০১৯-২০২০ অর্থ বছরের ধার্য্যকৃত সমবায় উন্নয়ন তহবিল, নিরীক্ষা ফি, নিরীক্ষা ফি এর উপর ভ্যাট ১০০% আদায় হয়েছে। | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CamScanner

**প্রশিক্ষণ** : বিগত ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার সর্বমোট ১৫০ জন সমবায়ীদের ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরেও অনুরুপ ১০০ জন সমবায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিগত ২৯/০৯/২০২১ তারিখ হতে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।

**আশ্রয়ণ প্রকল্প** : অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরুপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালন্দী-মৃতরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৫,০৯,৭৩৪/- টাকা আদায় করা হয়েছে। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১৩,৩০,৬৮৩/- টাকা।

**দুগ্ধ প্রকল্প** : শতভাগ সরকারি অর্থায়নে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪ এবং ২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে এবং ৩,৩৪,৪০০/- বকেয়া রয়েছে। বকেয়া ঋণের মধ্যে ২,৭৪,৪৬০/- টাকা খেলাপী আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে তাগাদাসহ বারবার নোটিশ প্রদান করা হয়েছে। খেলাপী ঋণ গ্রহিতা ০৫ জন। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত উল্লিখিত ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে প্রশাসনিক ভাবে চাপ প্রয়োগসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে। খেলাপী ঋণের মধ্যে কয়েকজন সরকারি চাকুরীজীবি রয়েছে। তাদের কাছ থেকে ঋণ আদায়ের জন্য উপজেলার স্ব- স্ব বিভাগ হতে ব্যবস্থা গ্রহণ করার জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে।

এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।

উপজেলা সমবায় কার্যালয়টি উপজেলা পরিষদের সম্প্রসারিত নতুন ৪র্থ তলা ভবনের ৪র্থ তলায় পশ্চিম- দক্ষিণ পাশের দুটি কক্ষ নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত নতুন ভবনে পুরাতন ভবন হতে বিগত ১০ মাস পূর্বে সমবায় কার্যালয়টি স্থানান্তরিত হয়। ভবনটি নতুন হওয়া সত্বেও উপজেলা সমবায় অফিসারের কক্ষের একটি অংশের ছাদের উপর দিয়ে বৃষ্টির পানি চুয়ে চুয়ে পরে। ছাদের ক্ষতিগ্রস্থ অংশটি যদি এ মুহুর্তে সংস্কার করা না হয় তাহলে আগামী ২/৩ মাসের মধ্যেই উক্ত কক্ষটি ব্যবহারের অনুপযোগী হয়ে পরবে। এছাড়া কর্মচারীদের কক্ষের একটি জানালার কাঁচ পুরোপুরি ভেঙ্গে গেছে যার কারণে বৃষ্টি ও বাতাস হলে প্রচুর পরিমানে পানি ও ধুলো ময়লা কক্ষে ঢোকে। তাই জানালাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মহোদয় ক্ষতিগ্রস্থ অংশ অবলোকন করেছেন এবং সংস্কার করবেন মর্মে

<table>
<tr><td></td><td>অবহিত করেছেন। কিন্তু অদ্য পর্যন্ত সংস্কার হয়নি তিনি এ ব্যাপারে অদ্য সভার কার্যবিবরণীতে বিষয়টি লিপিবদ্ধ করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ বিস্তারণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শিক্ষকদের আবেদন কার্যক্রম চলমান আছে।<br>(খ) ২০২৩ সালের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ কার্যক্রম চলমান আছে।<br>(গ) মানুষিক স্বাস্থ্য সুরক্ষা এবং মুক্তপাঠ অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>(ঘ) আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসি) ভবন স্থাপনের কার্যক্রম চলমান ।<br>(ঙ) ইউনিক আইডির কার্যক্রম চলমান।<br>তিনি আরো জানান যে, প্রথম বারে একসাথে সব বই পাওয়া যায়নি। বই পাওয়া মাত্রই বিতরণ করা হবে।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল</td></tr>
<tr><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। জানুয়ারি,২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ-<br>১। ১২/০১/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার রহমতপুর ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>ডিসেম্বর/২০২২ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরূপঃ-<br>স্থায়ী পদ্ধতির- ০৭, আইউডি- ৪৩ জন, ইমপ্লান্ট- ৬৬ জন। মোট সক্ষম দম্পতি ২৬,৯৭৬ জন, গ্রহণকারী- ২০৮৫৫ জন, সিএআর- ৭৭.৩১%।<br>তিনি সভাকে আরো অবহিত করেন যে, এ সভার সদস্যগণ উপজেলার যেকোন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শনে গেলে পরিবার পরিকল্পনা বিভাগের ক্লিনিকে যাওয়ার অনুরোধ করেন এবং মাঠ কর্মীগণ মাঠ পর্যায়ে সঠিকভাবে কাজ করেন কিনা তা পর্যবেক্ষণ করার অনুরোধ করেন।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন ডিসেম্বর/২০২২ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>শেয়ার</th><th>সঞ্চয়</th><th>বিতরণ</th><th>আদায়</th></tr>
<tr><td>০১</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>.১০</td><td>.১৫</td><td>৯.৬০</td><td>১২.৩৯</td></tr>
<tr><td>০২</td><td>আবর্তক</td><td>.০৩</td><td>.১২</td><td>১.৩৫</td><td>৬.৩৪</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>০</td><td></td><td></td><td>৪৯.০৪</td></tr>
<tr><td>০৪</td><td>পল্লী প্রগতি</td><td>০</td><td></td><td></td><td>১৪.৭০</td></tr>
<tr><td>০৫</td><td>মুক্তিযোদ্ধা</td><td>০</td><td></td><td></td><td>৭.২৯</td></tr>
<tr><td>০৬</td><td>ইরেসপো</td><td>০</td><td></td><td>১২.৫০</td><td>১৬.০৭</td></tr>
</table></td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৭ | অপ্রধান শস্য | ০ | | ২.১৭ | .২৫ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | ০ | | ০ | ২.৫১ |
| | সর্বমোট | ০.১৩ | .২৭ | ২৫.৫৪ | ১০৯.৫৯ |

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>**প্রশিক্ষণ :** ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের(লক্ষ্যমাত্রা অনুযায়ী) ০১ টি ব্যাচ সম্পন্ন হয়েছে এবং ২য় ব্যাচ প্রক্রিয়াধীন।<br>**ঋণ :** ২০২২-২৩ অর্থ বছরে- ৮,৩০,০০০/-( আট লক্ষ ত্রিশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>**ওয়েব পোর্টাল :** এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | জনাব শামীমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেড) চলমান। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন এর প্রেক্ষিতে যাচাই বাছাই কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটির অনুমোদিত স্থান তালিকা অদ্য পর্যন্ত পাওয়া যায়নি। অনতিবিলম্বে ইউনিয়ন WATSAN কমিটি কর্তৃক প্রদত্ত স্থান তালিকা উপজেলা WATSAN কমিটি কর্তৃক অনুমোদন করতঃ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। তিনি পুনরায় বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা, কাশিপুর, বরিশাল এর ২০/১২/২০২২ খ্রি. তারিখের ২৫৫ নং স্মারক উপস্থাপন করে বাবুগঞ্জ বন বিভাগের জন্য ভবন ও স্থায়ী আদর্শ নার্সারীর জন্য উপজেলা পরিষদ কর্তৃক জমি প্রদানের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলা ডরমিটরী ভবনের সামনে খালি জায়গা উপযোগি করে নার্সারী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| জাতীয় মহিলা সংস্থা | উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, তাদের সংস্থায় ৪ মাসব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষনার্থীর আসন সংখ্যা-৩০ জন। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ০১/১১/২০২২ খ্রি. তারিখ হতে আরম্ভ হয়েছে। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি ভাতা- ১০০/- টাকা প্রদান করা হয়। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। ঋণ গ্রহীতার সংখ্যা ৫৭০ জন। খেলাপী ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে ডোর টু ডোর তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ৭০০ জন এবং তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ২০০ । এ মাসে উঠান বৈঠক হয়েছে- ০৪ টি। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা সংগঠক জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, ইতিপূর্বে এ উপজেলার সকল দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। ইহা সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করেননি। ইহা দুঃখজনক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলার যে সকল দপ্তর এখন পর্যন্ত ওয়েব পোর্টাল হালনাগাদ করেননি সে সকল দপ্তর অতিসত্বর তাদের দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। | উপজেলার সকল দপ্তর প্রধান, বাবুগঞ্জ, বরিশাল |
| পল্লী সঞ্চয় ব্যাংক | জনাব হেমলাল বাইন, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় তার আওতায় সমিতির সংখ্যা ১৪৩ টি,সদস্য সংখ্যা ৬৪৫৩ জন, মোট সঞ্চয় জমা- ৩০৯.৪২ টাকা, মোট কল্যাণ অনুদান ২৩০.৫৮ টাকা, মোট ঘূর্ণায়মান ঋণ তহবিল ৩৯৩.৯৩ টাকা, সম্পদের টাকা আদায় ৬.৯৬৭ টাকা, সর্বমোট তহবিল ১২২২.০৫ টাকা, মোট প্রকল্প সংখ্যা ১১৩১৯ টি, মোট ঋণ বিতরণ ২৮০৭.৭৬ টাকা, মোট ঋণ আদায় ২১৪৯.১৭ টাকা ও ঋণ স্থিতি ৯০১.৮৯ টাকা। ডিসেম্বর, ২০২২ মাসে ঋণ বিতরণ ৬৯.৪১ টাকা, ঋণ আদায় ৫৪.৪৬ ও সঞ্চয় আদায় মাসে ৩.০৯ টাকা। ঋণের টাকা আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল |
| বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, মহান বিজয় দিবস/২০২২ উপলক্ষ্যে ফুলের চাক, নাস্তা, দুপুরের খাবার বাবদ ৭২,০০০/- (বায়াত্তর হাজার) টাকা এখনও পাওনা আছে। এছাড়া শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৩ এর খরচের জন্য বরাদ্দকৃত টাকা দ্বারা এ অনুষ্ঠান পরিচালনা করা সম্ভব নয় বা বরাদ্দ অপ্রতুল মর্মে জানান। সভায় উক্ত বিষয় দুটি নিয়ে আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস/২০২২ উপলক্ষ্যে ফুলের চাক, নাস্তা, খাবার বাবদ ৭২,০০০/-(বায়াত্তর হাজার) টাকা পরিশোধের নিমিত্ত এবং শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৩ এর অতিরিক্ত ব্যয় | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | নির্বাহের জন্য ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২২- (৫০)

তারিখ ঃ ০২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৯। উপজেলা ..................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

১০। চেয়ারম্যান ..................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১১। জনাব.................................................................. ...বাবুগঞ্জ, বরিশাল।

১২। অফিস কপি।

১৬/০১/২৩

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।